

# সুরক্ষিত সমাজ চাই – সবার চেষ্ঠায় তা পাই

কিয়া ওরা, সালাম, নমস্কার, নমস্কে, নি হোয়া, শালোম, সৎ শ্রী আকাল ইত্যাদি অভিবাদন

২০১৯এর ১৫ই মার্চ ক্রাইস্টচার্চে মর্মান্তিক সন্ত্রাসবাদী হামলায় আমরা (নিউজিল্যান্ড পুলিশ) গভীরভাবে মর্মান্বিত। এই হামলার পরিপ্রেক্ষিতে আমরা সকল নিউজিল্যান্ডবাসীদের, বিশেষতঃ ইসলাম ধর্মাবলম্বীদের গভীর সমবেদনা এবং শোক জানাই।

গোষ্ঠী এবং সমাজের সুরক্ষা বজায় রাখতে পুলিশের ভূমিকা অনবদ্য। সন্ত্রাস-হামলার আতঙ্ক কাটিয়ে উঠতে পুলিশ তাদের শক্তিশালী এবং সাহায্যকারী উপস্থিতির দ্বারা জনগণকে সুরক্ষিত রাখতে এবং সুরক্ষিত বোধ করাতে সচেষ্ট।

## নিউজিল্যান্ডকে সুরক্ষিত রাখা

হামলার দিনই সমগ্র নিউজিল্যান্ডে সন্ত্রাসবাদের বিপদ ‘উচ্চ মাত্রার’ বলে ঘোষণা করা হয়। সরকারের অন্যান্য বিভাগের সাথে পুলিশ এই বিপদের মাত্রা নির্ধারণ এবং একাদিক্রমে পর্যালোচনা করে।

আপনারা লক্ষ্য করে থাকতে পারেন যে হামলার পর থেকেই পুলিশ আগ্নেয়াস্ত্র বহন করছে। এটি একটি অস্থায়ী ব্যবস্থা। নিউজিল্যান্ডে পুলিশ সাধারণ অবস্থায় আগ্নেয়াস্ত্র বহন করে না।

মানুষ যাতে তাদের দৈনন্দিন কাজকর্মে যোগ দেবার এবং উপাসনা ও প্রার্থনাস্থলে উপস্থিত হবার মনোবল ফিরে পায়, তা খুবই গুরুত্বপূর্ণ। তার জন্য পুলিশ সুরক্ষা উপদেশ এবং তাদের উপস্থিতি জানান দিচ্ছে এবং দেবে।

## বিভিন্ন জনগোষ্ঠীকে সহায়তা

বিভিন্ন জনগোষ্ঠীর, বিশেষতঃ যারা এই মুহূর্তে নিজেদের অনেকটা অসহায় মনে করছে তাদের মনোবল বাড়ানোর জন্য এবং সাহায্য করার জন্য পুলিশ তাদের সাথে এবং সরকারের বিভিন্ন বিভাগের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে চলেছে। যদিও আমরা নিয়মিত মসজিদ এবং ইসলামী প্রতিষ্ঠানগুলি পরিদর্শন করছি, তাদের উপর নজর রাখছি, তবু যদি কোন ব্যক্তি বা গোষ্ঠী অসহায় বোধ করেন তবে তাঁদের পুলিশের সাথে যোগাযোগ করতে উৎসাহিত করছি।

আপনি বা আপনার গোষ্ঠী যদি আরো জানতে চান যে নিজেদের সুরক্ষিত রাখতে এবং সুরক্ষিত বোধ করতে আমরা কিভাবে আপনাদের সাহায্য করতে পারি, তবে স্থানীয় পুলিশের সাথে যোগাযোগ করুন।

## কি ভাবে পুলিশের সাথে যোগাযোগ করবেন

প্রয়োজনে সাহায্যের জন্য পুলিশের সাথে যোগাযোগ করে কথা বলতে আমরা আপনাদের উৎসাহিত করি।

- জরুরী পরিস্থিতিতে ১১১ নম্বর ডায়াল করুন এবং পুলিশের সাথে কথা বলুন।
- আপনি যদি বুঝে উঠতে না পারেন যে পরিস্থিতিটা জরুরী কিনা, কিন্তু আপনার দুঃশ্চিন্তা থেকেই যাচ্ছে, তবে ১১১ নম্বরে ডায়াল করে পুলিশকে চান এবং তাদের সাথে কথা বলুন। পুলিশই আপনাকে বলে দেবে সেই অবস্থায় কি করতে হবে।
- জরুরী নয় এমন পরিস্থিতির জন্য স্থানীয় পুলিশ স্টেশনে ফোন করুন অথবা সেখানে গিয়ে দেখা করুন। স্থানীয় পুলিশ স্টেশনের সাথে যোগাযোগ করার জন্য তথ্য এই ওয়েব সাইটে পাওয়া যাবে: [www.police.govt.nz/contact-us](http://www.police.govt.nz/contact-us)।
- কোন সন্দেহজনক কাজকর্ম নজরে এলে পুলিশকে জানান। যদি আপনি তা করতে স্বচ্ছন্দ বোধ না করেন তবে নিজের নাম-ধাম না জানিয়েই ক্রাইমস্টপারকে ০৮০০ ৫৫৫ ১১১ নম্বরে ফোন করতে পারেন বা [www.crimestoppers-nz.org](http://www.crimestoppers-nz.org) ওয়েবসাইটের মাধ্যমে তা জানাতে পারেন।

- যখন কোন অপরাধের খবর জানাবেন তখন এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে অপরাধের সঙ্গে সংশ্লিষ্ট কোন বস্তু যা অপরাধের প্রমাণ হিসাবে দাখিল করা হতে পারে তা স্পর্শ করবেন না। সেক্ষেত্রে আপনি ফটো তুলে রাখতে পারেন। যেমন, ক্ষতিগ্রস্ত সম্পত্তির ফটো।
- যদি আপনাকে কেউ সরাসরি বা অনলাইনে ভয় দেখায় এবং তাতে আপনি বা অন্যরা ভয় পেয়ে থাকেন তবে খুব তাড়াতাড়ি পুলিশের সাথে যোগাযোগ করুন। এই ভীতি প্রদর্শন গোষ্ঠী, জাতি, বর্ণ, ধর্ম ইত্যাদির ভিত্তিতে হতে পারে।
- সাম্প্রতিক কোন ঘটনায় আপনি উদ্ভিগ্ন হয়ে থাকলে সেই ঘটনা এবং আপনার উদ্বেগের কথা পুলিশকে অবশ্যই জানাবেন। তাতে আমাদের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সুবিধা হবে।
- সমগ্র দেশে বিভিন্ন জনগোষ্ঠীর সাথে কাজ করার জন্য বিশেষভাবে ট্রেনিংপ্রাপ্ত পুলিশ অফিসাররা আছেন। তাঁরা আপনাদের উদ্বেগের কথা শুনতে এবং জানতে আগ্রহী, যাতে একসাথে কাজ করে আপনাদের সুরক্ষা আরো জোরদার করা যায়। এই বিশেষভাবে ট্রেনিংপ্রাপ্ত অফিসারদের সাথে যোগাযোগের তথ্য এই ওয়েবসাইটে পাওয়া যাবে – [www.police.govt.nz/ethnic-liaison-officers](http://www.police.govt.nz/ethnic-liaison-officers)।

### নিউজিল্যান্ডের পুলিশের মূল্যবোধ

পেশাদারিত্ব, শ্রদ্ধা, নীতিনিষ্ঠা, মাওরিদের এবং ‘ট্রিটি অফ ওয়াইটাঙ্গি’র প্রতি দায়বদ্ধতা, সহমর্মিতা এবং বহুত্বের মান্যতা।